গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের মে ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: আঃ গাফ্‌ফার খান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ৩০.০৫.২০১৭ খ্রিঃ, বিকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি জনাব আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় সদস্যদের উপস্থিতির হার কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জানান, সভায় অনেক কর্মকর্তার অনুপস্থিতি অনাকাঙ্খিত। আগামী সভায় বিনা ব্যর্থতায় সকল সদস্যকে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

তিনি বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভা, ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তি এবং চলমান প্রকল্পগুলো পরিদর্শনের গুরুত্ব তুলে ধরেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন অধিদপ্তর/দপ্তরসমূহ ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ ও মাসিক ইনোভেশন সভা নিয়মিত না করা এবং সেই সাথে সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে নিয়মিত না প্রেরণ করায় অসন্তোষ প্রকাশ করেন। অধিদপ্তর/দপ্তরসমূহকে মাসিক ইনোভেশন সভা নিয়মিত করার এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানান। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহ মাসের প্রথম সপ্তাহে এবং মন্ত্রণালয়ে মাসের দ্বিতীয় সপ্তাহে সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ মন্ত্রণালয়ের প্রত্যেক অধিদপ্তর ও দপ্তরসমূহকে নিয়মিত সম্পন্ন করার তাগিদ দেন।

অতঃপর সভাপতির সম্মতিক্রমে প্রশাসন-৪ অধিশাখার উপ-সচিব মোঃ লুৎফর রহমান কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী কিংবা সংযোজন/বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২. জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম আগত অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী সকল অধিদপ্তর ও দপ্তরসমূহকে নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৩. জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম, ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ বিষয়ে দৃষ্টিপাত করলে জনাব আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ২ দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অধিদপ্তর ৫ দিনের প্রশিক্ষণের কার্যক্রম হাতে নিয়েছে। এ ব্যাপরে প্রধানমন্ত্রীর দপ্তরের এটুআই এর সাথে যোগাযোগ হয়েছে। প্রশিক্ষণের সময় ও স্থান শীঘ্রই নির্ধারণ করা হবে।

৪. সভাপতি মহোদয় প্রশিক্ষণ কারিকুলামে উদ্ভাবনী অন্তর্ভুক্তির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রশিক্ষণের ব্যবস্থা নেই। তবে মাঠ পর্যায়ে মাসিক সভায় ইনোভেশন সংক্রান্ত বিষয় আলোচনায় অন্তর্ভুক্ত করা হয়। সভাপতি মহোদয় নবীন অফিসারদের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ত করার অনুরোধ জানান। মোসাঃ শাহীনূর বেগম, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে প্রশিক্ষণ মডিউলে ইনোভেশন অন্তর্ভূক্ত করা হয়েছে মর্মে জানান।

৫. নিয়মিত মাসিক সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান মে মাসে মাসিক সভা অনুষ্ঠিত হয়নি। মোসাঃ শাহিনূর বেগম, সহকারী পরিচালক (সমন্বয়), নার্সিং এন্ড মিডওয়াইফারী অধিদপ্তর জানান, মহাপরিচালক মহোদয় দেশের বাইরে থাকায় মে মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়নি।

৬. মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতিঃ

সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান গত শোকেসিং ওয়ার্কশপে ৪টি প্রকল্পকে রেপ্লিকেশনের জন্য বাছাই করা হয়েছিল। উক্ত ৪টি প্রকল্পের দুটি স্বাস্থ্য অধিদপ্তরের ও ২টি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ছিল। প্রকল্পগুলো রেপ্লিকেশনে নেয়ার উদ্যোগ গ্রহণের জন্য দুই অধিদপ্তরকে চিঠি দেওয়ার পরামর্শ দেন সভাপতি মহোদয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সমন্বয়ক, জনাব আবুল কালাম আজাদ উক্ত ওয়ার্কশপে অংশগ্রহণকৃত অন্যান্য প্রকল্পগুলোর সমস্যা দূর করে রেপ্লিকেশনে নেয়ার বিষয়ে নির্দেশনা দিয়েছিলেন। উক্ত নির্দেশনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

তিনি আগামী জুলাই মাসকে সামনে রেখে আরেকটি শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের পরামর্শ দেন। উক্ত সভায় সচিব ও মহাপরিচালক মহোদয়গণের উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলেন।

৭. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনঃ

সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আগামী জুন মাসে ইনোভেশন প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, পাইলটপ্রকল্পসমূহ পরিদর্শন করলে স্থানীয় পর্যায়ে ইনোভেটরগণ উৎসাহিত হবেন। তিনি নবীন অফিসাদের অনুপ্রাণিত করার পরামর্শ দেন। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যাতে সুন্দর, সুষ্ঠু পরিবেশে কাজ করতে পারেন সে বিষয়টি বিবেচনায় নিতে হবে।

৮. বিবিধঃ

জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম জানান, মন্ত্রণালয়ের নিজস্ব ইনোভেশনের অনেক সুযোগ রয়েছে। আমাদের মন্ত্রণালয়ের অভ্যন্তরে কিছু ইনোভেশন প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে।

৯. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৯.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে।

৯.২ মন্ত্রণালয় ও অধিদপ্তরকে পূণরায় ০২ (দুই) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৯.২: অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কন্টেন্ট অন্তর্ভুক্তির বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

৯.৩: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯.৪: আগামী সভায় বিনা ব্যর্থতায় সকল সদস্যকে উপস্থিত থাকতে হবে;

৯.৫: ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করতে হবে এবং শোকেসিং এর জন্য তালিকা তৈরী করতে হবে;

৯.৬: জুলাই মাসে নতুন রেপ্লিকেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.৭: অসম্পন্ন প্রকল্পগুলো শোকেসিং এর জন্য প্রস্তুত হয়েছে কিনা তা জানতে অধিদপ্তরগুলোকে পত্র প্রেরণ করতে হবে;

৯.৮: শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে একটি সভা আয়োজন করতে হবে;

৯.৯: সংশ্লিষ্ট অধিদপ্তরকে শোকেসিং এ নির্বাচিত প্রকল্পগুলো বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।

৯.১০: মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যাতে সুন্দর, সুষ্ঠু পরিবেশে কাজ করতে পারেন সে বিষয়ে উদ্যোগ নিতে হবে।

১০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০৪.০৬.২০১৭
(আ: গাফ্ফার খান)
যুগ্ম-সচিব (প্রশাসন) ও
চিফ ইনোভেশন অফিসার

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১৩২

তারিখঃ ০৫.০৬.২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. বেগম নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (মানব সম্পদ/এইচআরএম) OP এ সংযুক্ত, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মান/মেরামত এবং ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. জনাব মো: মজিবুর রহমান, উপপ্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৭. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

কার্যার্থেঃ

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

০৫/০৬/১৭

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

অদ্য ৩০.০৫.২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার জনাব আ: গাফফার খান এর সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের মাসিক সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরাঃ

ক্র:	নাম, পদবী ও কর্মস্থল	ফোন, মোবাইল ও ই-মেইল	স্বাক্ষর
১.	মোঃ লুৎফর রহমান, প্রশাসন-৪	01712-103622	[signature]
২.	নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৩, স্বাস্থ্য সেবা বিভাগ	01711987909 nasir.srj@gmail.com	[signature]
৩.	মো: আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (অব:)	01727344256. engrhamid1967@yahoo.com.	[signature] ৩০/৫/১৭
৪.	মোহা: শাহীনুর রেজা, সহকারি প্রকৌশলী (সমন্বয়)	০১৭৬১-৯২৫৬৯১ shahinoor1006@gmail.com	Shahin 30.05.17
৫.	হাসান মাহমুদ, উপসচিব, নির্মাণ/মেরামত	01712085264	[signature]
৬.			
৭.			
৮.			
৯.			
১০.			
১১.			
১২.			
১৩.			
১৪.			
১৫.			
১৬.			